



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোন: ৯১৩৮৮৭৮, ফ্যাক্স: ৯১৩০০০৬, ই-মেইল: [bsmrnovotheatre@yahoo.com](mailto:bsmrnovotheatre@yahoo.com) ওয়েবসাইট: [www.novotheatre.gov.bd](http://www.novotheatre.gov.bd), [www.novotheatre.portal.gov.bd](http://www.novotheatre.portal.gov.bd)

নং- ৩৯.০৫.০০০০.০১৮.১৩.১৬০.০৭- ১১৮

তারিখ: ০২ আশ্বিন ১৪২২  
১৭ সেপ্টেম্বর ২০১৫

**বিষয়:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের চলতি ২০১৫-১৬ সালের অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন অগ্রগতি।

**সূত্র:** ৩৯.০০৩.০২৪.০০.০০.০৮৫.২০১৪-৮৪৬ তারিখ: ১৩/০৯/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার এর বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের জন্য উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়নের লক্ষ্যে একটি সেবা প্রক্রিয়া নিম্নরূপভাবে সহজীকরণ করা হয়েছে:

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে আগত অতিথিদের অধিকতর সেবা প্রদান এবং তাদের টিকেট ক্রয় কার্যক্রমকে সহজতর করার লক্ষ্যে নভোথিয়েটার কর্তৃপক্ষ একটি যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। এতদিন দর্শকদের মূল কাউন্টার থেকে রোদে এবং বৃষ্টিতে কষ্ট করে এক্সিবিট সমূহের টিকেট ক্রয় করতে হতো। দর্শকদের কষ্ট লাঘব করার উদ্দেশ্যে এবং অধিকতর সেবা প্রদানের উদ্দেশ্যে নভোথিয়েটারের অভ্যন্তরে আর একটি টিকেট কাউন্টার খোলা হয়েছে। ফলে প্লানেটেরিয়াম শো দেখার পর দর্শকদের পুনরায় বাহিরে গিয়ে এক্সিবিট সমূহের টিকেট ক্রয় করতে হবে না। তারা ভিতরেই হাতের নাগালের মধ্যে রোদ-বৃষ্টিতে কষ্ট না করে টিকেটসমূহ ক্রয় করতে পারবেন।

বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

(আরশাদ হোসেন এনডিসি)

মহাপরিচালক

ফোন: ৯১৩৮৮৭৮